



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং-বশিবো/বিনি/২০২১/২৭৭২

তারিখ-২২/০৩/২০২১ খ্রি.

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষ (এসএসসি-২০২২) এর শিক্ষার্থীদের নিবন্ধন তালিকা প্রয়োজনীয় সংশোধনের জন্য প্রকাশ প্রসঙ্গে।


বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ এর নিবন্ধিত শিক্ষার্থীদের চূড়ান্ত তালিকা বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েব সাইটের [www.barishalboard.gov.bd](http://www.barishalboard.gov.bd) এর ssc corner এবং school order এ প্রকাশ করা হয়েছে। নিবন্ধনকৃত শিক্ষার্থীদের সকল তথ্যাবলীর মধ্যে নিম্নোক্ত বিষয় সমূহে সংশোধন (যদি প্রয়োজ্য হয়) করার জন্য নিবন্ধন প্যানেলটি ২৪-০৩-২০২১ থেকে ১৫-০৪-২০২১ পর্যন্ত খোলা থাকবে। উল্লিখিত সময়ের মধ্যে কোন প্রতিষ্ঠান প্রয়োজনীয় সংশোধন করতে ব্যর্থ হলে পরবর্তীতে অনুরূপ সংশোধনের জন্য কারণ দর্শানোর পত্র এবং ফি উভয়ই প্রয়োজ্য হবে। কাজেই কোনরূপ ফি ব্যতিরেকেই উপরিউল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সংশোধন করার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

যা যা সংশোধন করা যাবে:

Group	Sex	Class Roll	Section	Shift	Photo	Optional Subject with sub: code	Religion and Code
-------	-----	------------	---------	-------	-------	---------------------------------	-------------------

উল্লেখ্য দ্বৈত নিবন্ধনের জন্য আপনাদের কিছু কিছু শিক্ষার্থী চূড়ান্ত তালিকা থেকে বাদ পড়েছে। আপনাদের অবগতির জন্য দ্বৈত নিবন্ধনের তালিকা এবং বাদপড়া শিক্ষার্থীদের বিষয়ে করণীয় সম্পর্কে পরবর্তীতে জানানো হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



২২-০৩-২১

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল।

প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল

অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত

মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বিতরণঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৪। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) কম্পিউটার কেন্দ্র, বরিশাল (শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
- ০৬। সংরক্ষণ নথি